



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

web-site : www.jessoreboard.gov.bd

স্মারক সংখ্যা-বিঅ-৬/৬৭৯৬/

তারিখ : .

বিষয় : সাময়িক বরখাস্তকৃত প্রধান শিক্ষকের জীবন ধারণ ভাতা প্রদান

সূত্র : ২৩-০৪-২০১২ খ্রি. তারিখের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির ৫২তম সভার ৭ নং সিদ্ধান্ত

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে আপনাকে জানানো যাচ্ছে যে, আপনার বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব এ. কে. এম. জাহিদুল ইসলামকে বিদ্যালয় কর্তৃপক্ষ বোর্ডের পূর্বানুমোদন গ্রহণ ব্যতিরেকে চূড়ান্ত বরখাস্ত করেছেন। ফলে অত্র বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির ৫০তম সভার সিদ্ধান্তানুযায়ী ২৩-০৮-২০১১ খ্রি. তারিখ ২৯৭৫ নং স্মারক পত্রে তাকে জীবন ধারণ ভাতা প্রদানের নির্দেশ দেওয়া হয়। ম্যানেজিং কমিটি উক্ত নির্দেশ অমান্য করায় আপিল এন্ড আরবিট্রেশন কমিটির ৫১তম সভার সিদ্ধান্তানুযায়ী ০৮-০২-২০১২ খ্রি. তারিখে ৪৮৫ নং স্মারক পত্রে কমিটিকে কারণ দর্শানোর নির্দেশসহ পুনরায় ১০ কার্যদিবসের মধ্যে তাকে জীবন ধারণ ভাতা প্রদানের নির্দেশ দেয়া হয়। কিন্তু উক্ত নির্দেশও ম্যানেজিং কমিটি অমান্য করে। এমতাবস্থায় আপিল এন্ড আরবিট্রেশন কমিটির ৫২তম সভার সিদ্ধান্তানুযায়ী পত্র ইস্যুর তারিখ থেকে ৭ (সাত) দিনের মধ্যে উক্ত প্রদান শিক্ষকের জীবন ধারণ ভাতা পরিশোধ করে নিলু স্বাক্ষরকারীকে অবহিত করার জন্য নির্দেশ প্রদান করা হলো। অন্যথায় বোর্ডের নির্দেশ অমান্য করায় আপনার বেতন ভাতাদি বন্ধের জন্য ডিজি বরাবর পত্র প্রদান ও প্রতিষ্ঠানের সকল সুযোগ সুবিধা বন্ধ করা হবে এবং বরখাস্তকৃত প্রধান শিক্ষকের জীবন ধারণ ভাতা প্রদানে বাধা সৃষ্টি করলে একতরফাভাবে সভাপতির পদসহ ম্যানেজিং কমিটি বাতিল করা হবে।

বিষয়টি অতিব জরুরী

প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)

উদয়পুর মতিয়ার রহমান মেমোঃ মাধ্যমিক বিদ্যালয়


ডাকঘর : ঝিনাইদহ, উপজেলা : সদর

জেলা : ঝিনাইদহ

স্মারক সংখ্যা-বিঅ-৬/৬৭৯৬/ ১২২(৩০)/০২

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, বাংলাদেশ, ঢাকা
- ৩। উপপরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা
- ২। জেলা শিক্ষা অফিসার, ঝিনাইদহ
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ
- ৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ
- ৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (পত্রটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধসহ)
- ৮। সভাপতি, ম্যানেজিং কমিটি, উদয়পুর মতিয়ার রহমান মেমোঃ মাধ্যমিক বিদ্যালয়, ডাকঘর : ঝিনাইদহ, উপজেলা : সদরজেলা : ঝিনাইদহ
- ✓ ৯। জনাব এ. কে. এম. জাহিদুল ইসলাম, প্রধান শিক্ষক (চূড়ান্ত বরখাস্তকৃত), উদয়পুর মতিয়ার রহমান মেমোঃ মাধ্যমিক বিদ্যালয়, ডাকঘর : ঝিনাইদহ, উপজেলা : সদরজেলা : ঝিনাইদহ
- ১০। সংরক্ষণ নথি


(মোল্লা আমীর হোসেন)

বিদ্যালয় পরিদর্শক


মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর

ফোন নং ০৪২১-৬৮৬৩৪

মোবা : ০১৭৩৩-২২২০০৫

e-mail : is@jessoreboard.gov.bd

তারিখ : ২৪/০৬/১২


বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর।